

নথি নং-১২.০২.০০০০.০০২.১৮.২২৯.২৪. ২৩৭

তারিখঃ ২০/০৩/২০২৬ খ্রি.


অফিস আদেশ

কৃষি বিপণন অধিদপ্তরের ২৪/০৬/২০২৪ খ্রি. তারিখের ১২.০২.০০০০.০০২.৩১.১১৬.২৪-৩৬৬ সংখ্যক স্মারকে জনাব মোঃ সাহাদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা এবং মিজ শাহানা আফরোজা, প্রশাসনিক কর্মকর্তা এর জ্যেষ্ঠতা বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ১১/০৯/২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭১.০৪. ০১৪.২৪-১৩৬ সংখ্যক স্মারকে নিম্নরূপ মতামত প্রদান করা হয়:

“ জনাব মোঃ সাহাদুল ইসলাম এবং মিজ শাহানা আফরোজাসহ ০৮ জনকে জ্যেষ্ঠতা অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ২০/০১/২০২০ খ্রি. তারিখে ০৮ জনকে পদোন্নতি প্রদানপূর্বক ভিন্ন ভিন্ন তিনটি স্মারকে প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতির আদেশ জারি করা হয়। পদোন্নতির আদেশের প্রেক্ষিতে মিজ শাহানা আফরোজা ০৩/০২/২০২০ তারিখে পদোন্নতিপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা পদে প্রধান কার্যালয়, ঢাকায় যোগদান করেন এবং কৃষি বিপণন অধিদপ্তর এর ০৪/০২/২০২০ খ্রিঃ তারিখের ১০৯ নং সংখ্যক স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে জনাব মোঃ সাহাদুল ইসলাম ০৬/০২/২০২০ খ্রিঃ তারিখে ঢাকা বিভাগীয় কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা পদে যোগদান করেন। এক্ষেত্রে জনাব মোঃ সাহাদুল ইসলাম এর প্রশাসনিক কর্মকর্তা পদে যোগদান করতে বিলম্ব হওয়ার জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী নন। বর্ণিতাবস্থায়, জনাব মোঃ সাহাদুল ইসলাম, মিজ শাহানা আফরোজা এর পরে প্রশাসনিক কর্মকর্তা পদে যোগদান করলেও নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর ৭(২) অনুযায়ী জনাব মোঃ সাহাদুল ইসলাম এর প্রশাসনিক কর্মকর্তা পদের জ্যেষ্ঠতা মিজ শাহানা আফরোজা এর উপরে নির্ধারণ করা সমীচীন হবে”।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপরোক্ত মতামতের প্রেক্ষিতে জনাব মোঃ সাহাদুল ইসলাম এর প্রশাসনিক কর্মকর্তা পদের জ্যেষ্ঠতা মিজ শাহানা আফরোজা এর উপরে নির্ধারণ করা হলো এবং সে অনুযায়ী জ্যেষ্ঠতা সংশোধন হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
(অ.দা.)
e-mail: dg@dam.gov.bd

নথি নং-১২.০২.০০০০.০০২.১৮.২২৯.২৪. ২৩৭

তারিখঃ ২০/০৩/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

০২। প্রোগ্রামার, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

০৪। জনাব মোঃ সাহাদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। মিজ শাহানা আফরোজা, প্রশাসনিক কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।


২০/০৩/২০২৬
(মোঃ মেহেদী হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)
ফোনঃ ৫৫০২৮৪৩৭
mehedi.aers.14@gmail.com